

🔳 হাদীস সম্ভার

হাদিস নাম্বারঃ ৩৫৯৭

২৭/ আদব

পরিচ্ছেদঃ সুপারিশ করার মাহাত্ম্য

আরবী

وَ عَنْ أَبِيْ مُوسَى الْأَشْعَرِيْ قَالَ: كَانَ النَّبِيُّ عَلِي إِذَا أَتَاهُ طَالِبُ حَاجَةٍ أَقبَلَ عَلَى جُلَسَائِهِ فَقَالَ اشْفَعُوا تُؤْجَرُوا وَيَقْضِي اللهُ عَلَى لِسَانِ نَبِيّهِ مَا أَحَبَّ مُتَّفَقٌ عَلَيهِ وَفِيْ رُوايَةٍ مَا شَاءَ

বাংলা

মহান আল্লাহ বলেন,

مَنْ يَّشْفَعْ شَفَاعَةً حَسَنَةً يَّكُنْ لَّهُ نَصِيْبٌ مِّنْهَا

অর্থাৎ, কেউ কোন ভাল কাজের সুপারিশ করলে ওতে তার অংশ থাকবে। (সুরা নিসা ৮৫)

(৩৫৯৭) আবৃ মূসা আশআরী (রাঃ) বলেন, যখন নবী সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম এর নিকট কোন প্রয়োজন প্রার্থী আসত, তখন তিনি তাঁর সঙ্গীদের দিকে মুখ ফিরিয়ে বলতেন, (এর জন্য) তোমরা সুপারিশ কর, তোমাদেরকে প্রতিদান দেওয়া হবে। আর আল্লাহ তাআলা তাঁর নবীর যবানে যা পছন্দ করেন, তা ফায়সালা ক'রে দেন।

অন্য এক বর্ণনায় আছে, যা ইচ্ছা করেন (তা ফায়সালা করে দেন)।

ফুটনোট

(বুখারী ১৪৩২, মুসলিম ৬৮৫৮)

হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ ওয়াহীদিয়া ইসলামিয়া লাইব্রেরী 🛘 বর্ণনাকারীঃ আবৃ মূসা আল- আশ'আরী (রাঃ)



 ${\color{red} {\it O}} {\it Link-https://www.hadithbd.com/hadith/link/?id=67345}$

👲 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন